গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
সংস্থাপন শাখা-৩
**www.pwd.gov.bd**

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪.২০২৩-৯৫৮

তারিখঃ- ২৬/০৫/১৪৩৩ বঙ্গাব্দ
০৭-০৯/২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের ২০২৬-২০২৭ সনের ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির ক্ষেত্রে পিপিআর ২০২৫ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের ২০২৬-২০২৭ সনের আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য **আগামী ৩১/১২/২০২৬ তারিখের** মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করার আহবান জানানো হলো।

১. নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির ক্ষেত্রে "ঠিকাদারী প্রতিষ্ঠান (সিভিল)", "ঠিকাদারী প্রতিষ্ঠান (ই/এম)" এবং "ঠিকাদারী প্রতিষ্ঠান (সম্মিলিত)" হিসেবে তালিকাভুক্ত করা হবে।

২. আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান আবেদন ফি বাবদ ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) 'এ-চালান' (A-Challan) (কপি সংযুক্ত)/নগদ রশিদ এর মাধ্যমে জমা প্রদান করে তালিকাভুক্তির 'নির্ধারিত আবেদন ফরম' মাঠ পর্যায়ের সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে অথবা ওয়েবসাইট (www.pwd.gov.bd) হতে ডাউনলোড করে নিতে পারবেন। নির্ধারিত সময়ের মধ্যে (৩১/১২/২০২৬) আবেদন ফরমের শর্ত অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে আবেদন জমা দেয়া যাবে। শুধুমাত্র 'সম্মিলিত' ক্যাটাগরির নতুন আবেদন প্রধান প্রকৌশলীর দপ্তরে জমা দেয়া যাবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ces.pwd.gov.bd-তে রেজিস্ট্রেশন করে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী শুধুমাত্র (সম্মিলিত) ক্যাটাগরিতে তালিকাভুক্ত হতে আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান নির্ধারিত আবেদন ফি অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতঃ অনলাইনে আবেদন সাবমিট করতে পারবেন।

৩. "ঠিকাদারী প্রতিষ্ঠান (সিভিল)/(ই/এম)/(সম্মিলিত)" ক্যাটাগরির তালিকাভুক্তি আবেদন ফরমের সাথে অবশ্যই (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (খ) e-TIN (Tax Identification Number) এর রেজিস্ট্রেশন সনদপত্রের ফটোকপি/হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের ফটোকপি (গ) হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের ফটোকপি (ঘ) ব্যাংক সলভেন্সী সনদপত্র এবং (ঙ) বৈদ্যুতিক বিসি/এবিসি লাইসেন্সের (ঠিকাদারী প্রতিষ্ঠান (ই/এম) ও (সম্মিলিত) ক্ষেত্রে) ফটোকপি দাখিল করতে হবে।

৪. LTM পদ্ধতিতে ক্রয়কার্যের জন্য পিপিআর ২০২৫ এর বিধি ৬৮(১) অনুযায়ী প্রতিটি গণপূর্ত বিভাগ কর্তৃক ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি/নবায়ন তালিকা সংরক্ষণ এবং তাদের যোগ্যতা বছর ভিত্তিক পুনর্বিবেচনাক্রমে হালনাগাদ করতে হবে। পিপিআর ২০২৫ এর বিধি ৬৮(৩)(খ) অনুযায়ী প্রতিটি গণপূর্ত বিভাগের জন্য গঠিত তালিকাভুক্তি কমিটি (Enlistment Committee) কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক আবেদন প্রাপ্তির পর দ্রুততম সময়ের মধ্যে তালিকাভুক্তির আবেদনপত্র নিষ্পত্তি করতে হবে।

৫. তালিকাভুক্তি কমিটি কর্তৃক "ঠিকাদারী প্রতিষ্ঠান (সিভিল)", "ঠিকাদারী প্রতিষ্ঠান (ই/এম)" এবং "ঠিকাদারী প্রতিষ্ঠান (সম্মিলিত)" এর তালিকাভুক্তি প্রক্রিয়া বাস্তবায়নের শেষ সময়সীমাঃ

(ক) ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত প্রতিটি গণপূর্ত বিভাগ কর্তৃক নতুন তালিকাভুক্তির আবেদন গ্রহণ। ঠিকাদারের আবেদন গ্রহণযোগ্য না হলে এর কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করতে হবে।

(খ) ১০ জানুয়ারি ২০২৭ তারিখের মধ্যে তালিকাভুক্তি কমিটির সুপারিশ সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।

(গ) ৩১ জানুয়ারি ২০২৭ তারিখের মধ্যে "ঠিকাদারী প্রতিষ্ঠান (সিভিল)", "ঠিকাদারী প্রতিষ্ঠান (ই/এম)" এর সুপারিশ সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে অনুমোদন এবং "ঠিকাদারী প্রতিষ্ঠান (সম্মিলিত)" এর সুপারিশ প্রধান প্রকৌশলীর দপ্তর কর্তৃক অনুমোদন করতে হবে।

৬. অনুমোদিত ঠিকাদারী প্রতিষ্ঠানকে পিপিআর ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঘ) অনুযায়ী তালিকাভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার টাকা) ও একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে তালিকাভুক্তি ফি ৩০০০/- (তিন হাজার টাকা) টাকা এবং ১৫% ভ্যাটসহ 'এ-চালান' (A-Challan)/নগদ রশিদ এর মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা দিতে হবে।

৭. বিদ্যমান ঠিকাদারী প্রতিষ্ঠান (সিভিল)/(ইএম) ক্যাটাগরিতে প্রত্যেকে যে কোন একটি গণপূর্ত সার্কেলের আওতাধীন বিভাগসমূহে তালিকাভুক্ত হতে পারবেন। 'সম্মিলিত' ক্যাটাগরী হলে ১টি সিভিল ও ১টি ই/এম সার্কেলে তালিকাভুক্ত হতে পারবেন। তবে ইতোপূর্বে যারা সিভিল/ইএম যেকোন ১টি সার্কেলের অধীন এক/একাধিক বিভাগে তালিকাভুক্ত হয়েছে, তাদের উক্ত সার্কেলাধীন অন্য বিভাগে তালিকাভুক্তির অনুমতি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল/ইএম) অনুমোদন করবেন।

তালিকাভুক্তির আবেদন যদি সিভিল থেকে ই/এম অথবা ই/এম থেকে সিভিল হয়, সেক্ষেত্রে আবেদনকারী যে বিভাগে তালিকাভুক্ত সে বিভাগের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সুপারিশ গ্রহণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে। অনুমোদন সাপেক্ষে ঠিকাদারী প্রতিষ্ঠান প্রতিটি গণপূর্ত বিভাগে পৃথকভাবে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা প্রদান পূর্বক দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

৮. কোন ঠিকাদারী প্রতিষ্ঠান একাধিক সার্কেলে (‘সম্মিলিত ব্যতীত) তালিকাভুক্ত হয় তবে তার ১ম তালিকাভুক্তি বলবৎ থাকবে এবং পরবর্তী আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

৯. ইতোমধ্যে গণপূর্ত বিভাগসমূহ কর্তৃক ২০২৬-২০২৭ অর্থ বছরে তালিকাভুক্তির লক্ষ্যে যে সকল আবেদন গ্রহণ করা হয়েছে এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনও প্রদান করা হয়েছে সে সকল ‘তালিকাভুক্তি’ অত্র বিজ্ঞপ্তির আওতাভুক্ত হিসেবে গণ্য হবে।

১০. পিপিআর ২০২৫ সহ অন্যান্য প্রযোজ্য সকল বিধি-বিধান আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

১২. প্রধান প্রকৌশলী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিটি (Enlistment Committee) প্রযোজ্য ক্ষেত্রে যে কোন ক্যাটাগরির ‘ঠিকাদারী প্রতিষ্ঠান’ এর তালিকাভুক্তি অনুমোদন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

07/09/2026

(কাজী মোঃ ফিরোজ হাসান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ-০২-২২৩৩৮২৮৩১
ই-মেইল: ace_est@pwd.gov.bd

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১,২,৩,৪/রক্ষণাবেক্ষণ/সাভার/গণপূর্ত ই/এম সার্কেল-১,২,৩,৪/ এমআইএস/পিএন্ডডি/ময়মনসিংহ/ টাঙ্গাইল/চট্টগ্রাম-১/২/রাঙ্গামাটি/কুমিল্লা/সিলেট/রাজশাহী/পাবনা/দিনাজপুর/রংপুর/ বগুড়া/খুলনা/যশোর/ বরিশাল/গোপালগঞ্জ/ই/এম সার্কেল, চট্টগ্রাম।

০৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/৫/নগর/আরবরিকালচার/মেডিকেল/ইডেন ভবন/শেরেবাংলা নগর-১/২/৩/মহাখালী/মতিঝিল/সম্পদ/ আজিমপুর/ রক্ষণাবেক্ষণ,ঢাকা/রক্ষণাবেক্ষণ,চট্টগ্রাম/নারায়নগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/সাভার/মিরপুর/মানিকগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ টাঙ্গাইল/শেরপুর/জামালপুর/নেত্রকোণা/চট্টগ্রাম-১/২/৩/৪/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দারবান/কক্সবাজার/ই.এম-১/২,চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়ীয়া/ চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বরিশাল/ভোলা/মাদারীপুর/শরীয়তপুর/ঝালকাঠি/বরগুনা/গোপালগঞ্জ/ পটুয়াখালী/পিরোজপুর/খুলনা-১/২/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/কুষ্টিয়া/মাগুরা/ঝিনাইদহ/ফরিদপুর/নড়াইল/চুয়াডাঙ্গা/ রাজবাড়ী/মেহেরপুর/ রাজশাহী-১/২/পাবনা/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/রংপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/নীলফামারী/লালমনিরহাট/ঠাকুরগাঁও/ পঞ্চগড়/বগুড়া/ সিরাজগঞ্জ/জয়পুরহাট/গণপূর্ত ই.এম বিভাগ-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/ই.এম কারখানা/কাঠের কারখানা, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪.২০২৩-৩৫৮/৬৪

তারিখঃ ২৬/০৫ /১৪৩৩ বঙ্গাব্দ
০৭/০৯ /২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন/ঢাকা জোন/সওস/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ/খুলনা/বরিশাল/ গোপালগঞ্জ/ ই.এম জোন, ঢাকা।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওবিপ্র/স্বাস্থ্য উইং/ই/এম পিএন্ডডি, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংস্থাপন/সমন্বয়/উন্নয়ন/উন্নয়ন উইং/প্রকিউরমেন্ট ইউনিট/পিপিসি/পিপিসি ইউনিট/আর এন্ড ডি/অডিট এন্ড মনিটরিং/ ডিজাইন-১/২/ই.এম পিএন্ডডি, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। নির্বাহী প্রকৌশলী, সংস্থাপন/ওএন্ডএম/তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। **বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।**

০৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা। জাতীয় “দৈনিক আমার দেশ”, “দৈনিক নয়া দিগন্ত” এবং “The Daily Star” পত্রিকায় আগামী ০৩(দিন) দিনের মধ্যে ছাপানোর ব্যবস্থা গ্রহণ পূর্বক পত্রিকার ০২(দুই) কপি অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৮। গার্ড নথি।

(মুহাম্মদ সারওয়ার জাহিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৮০৯৯৯
ই-মেইল: se_est@pwd.gov.bd